গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'আমিষেই শক্তি, আমিষেই মুক্তি'

পরিচালক উৎপাদনের দপ্তর

প্রানিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, বংলাদেশ, ঢাকা।

www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.০০০.৩০০.৪৭.০০৬৩.১৫- ১১৮৭ তারিখ : ২১/০৭/২০২৫ খ্রি.

**বিষয় : সরকারি ছাগল উন্নয়ন ও ভেড়া উন্নয়ন খামার থেকে ছাগল /ভেড়া বিতরণের অনুমতি প্রদান থেকে বিরত থাকা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিচালক উৎপাদনের দপ্তরের ১০/০৩/২০২৫ খ্রিঃ তারিখের ২৪৯ সংখ্যক স্মারকে প্রকল্প পরিচালক, উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প-এর চাহিদার প্রেক্ষিতে ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থ বৎসরে সুফলভোগীদের মাঝে বিতরণের নিমিত্ত সরকারি ছাগল উন্নয়ন খামার থেকে ১১১০ টি পাঁঠা সরবরাহের জন্য সংশ্লিষ্ট খামার প্রধানগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিচালক উৎপাদনের দপ্তরের ২২/০৪/২০২৬ খ্রিঃ তারিখের ৬৪১ সংখ্যক স্মারকে প্রকল্প পরিচালক, বিশুদ্ধ জাতের ব্ল্যাক বেঙ্গল ছাগল ও দেশীয় ভেড়া সম্প্রসারণ পাইলট প্রকল্প এর চাহিদার প্রেক্ষিতে (২০২৫-২৬ ও ২০২৭-২৮) সরকারি ছাগল উন্নয়ন খামার থেকে ৪৫০ টি পাঁঠা সরবরাহের জন্য খামার প্রধানগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিচালক উৎপাদনের দপ্তরের ০৬/০১/২০২৬ খ্রিঃ তারিখের ১৭ সংখ্যক স্মারকে প্রকল্প পরিচালক, মানিকগঞ্জ, ঢাকা, মুন্সীগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়পুর চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প এর চাহিদার প্রেক্ষিতে (২০২৫-২৬) সরকারি ছাগল উন্নয়ন খামার থেকে ৩০০ টি পাঁঠা সরবরাহের জন্য খামার প্রধানগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

প্রকল্প পরিচালক, বিশুদ্ধ জাতের ব্ল্যাক বেঙ্গল ছাগল ও দেশীয় ভেড়া সম্প্রসারণে পাইলট প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা ২৫/৩/২০২৬ সংখ্যক স্মারকে আরও ২০০টি পাঁঠা সরবরাহের জন্য অনুরোধ জানিয়েছে। প্রকল্প পরিচালক, মানিকগঞ্জ, ঢাকা, মুন্সীগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়তপুর জেলার নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প-এর ১০/০৭/২০২৬ খ্রিঃ তারিখের ১০ সংখ্যক স্মারকে সুফলভোগীদের মাঝে বিতরণের নিমিত্ত সরকারি ছাগল খামার থেকে আরও ২০০০টি পাঁঠা সরবরাহের জন্য অনুরোধ জানিয়েছেন।

এছাড়া বর্তমানে বাংলাদেশ সেনাবাহিনী ও ব্যক্তি/খামারী পর্যায়ে পাঁঠা ও ছাগীর চাহিদা অনেক বৃদ্ধি পেয়েছে। ছাগল খামারগুলোর বার্ষিক পাঁঠা বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে ৭৫০টি। একদিকে খামারের নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে সরকারি প্রকল্পে পাঁঠা সরবরাহের পরিমান বেশী থাকায়, কেন্দ্রীয়ভাবে ছাগল /ভেড়া খামারসমূহ থেকে বিতরণ/সরবরাহের কার্যক্রম সমন্বয় করা সম্ভব হচ্ছে না। এতদসংক্রান্ত নির্দেশনার জন্য মহাপরিচালক বরাবরে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ব্যক্তি/খামারীদের আবেদনের প্রেক্ষিতে সরকারি ছাগল / ভেড়া উন্নয়ন খামার থেকে ছাগল/ভেড়া (পুরুষ/মহিলা) বিতরণের অনুমতি প্রদান থেকে বিরত থাকার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

(ডাঃ মোঃ মাহফুজার রহমান)
পরিচালক উৎপাদন
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
directorproduction2017@gmail.com

প্রাপক :

পরিচালক, ভিাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/রাজশাহী বিভাগ, রাজশাহী/ চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

অনুলিপি :

১। সিনিয়র সহকারী পরিচালক, ভেড়া উন্নয়ন খামার, রাজশাহী/ফকিরহাট, বাগেরহাট/ শেরপুর, বগুড়া।

২। প্রাণিসম্পদ কমকর্তা/ ভেটেরিনারি সার্জন, সরকারি ছাগল উন্নয়ন খামার, সাভার, ঢাকা/রাজশাহী/ সিলেট/ বরিশাল/ চুয়াডাঙ্গা/ ঝিনাইদহ/ হাটহাজারী, চট্টগ্রাম।

সদয় অবগতির জন্য অনুলিপি :

**মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।**

নং- ৩৩.০১.০০০০.২০৬.০৬.০০৯.২২- ৩৬৯ তারিখ: ১৫/০৭/২০২৬খ্রি:

প্রাপক:-

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট/ হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার। সংযুক্ত প্রত্রের নির্দেশনানুযায়ী আপনার নিয়ন্ত্রণাধীন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর সমূহে অবহিতকরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৫/০৭/২০২৬

**(ড. আবু জাফর মো: ফেরদৌস)**
পরিচালক
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে-

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

২। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। দপ্তর নথি।